26 OCT 1989
2 OCT 1989

দৈনিক বাংলা

তারিখ 22 OCT 1989
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6 ...

~~133~~
184

ডাকসুর স্মারকলিপি

# ৯১ সালের মধ্যে সেসন জট দূর হবে: ভিসি

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

২৮ দফা দাবীতে ডাকসু গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশ করেছে এবং ভাইস চ্যান্সেলরের কাছে স্মারকলিপি দিয়েছে।

ডাকসুর সহ-সভাপতি সুলতান মোঃ মনসুর আহমদের সভাপতিতে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ভিসি

(প্রথম পৃঃ পর)

রাখেন ডাকসুর সাধারণ সম্পাদক মুশতাক হোসেন এবং সহ-সাধারণ সম্পাদক নাসির-উদ-দুজা।

সুলতান মোঃ মনসুর আহমদ বলেন, নির্বাচনের পর থেকে ডাকসু নেতৃবৃন্দ সবসময় নির্বাচনী ওয়াদা পালনে সচেষ্ট থেকেছেন। দু একটি বিচ্ছিন্ন ঘটনা ছাড়া সন্ত্রাসের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ করতে দেয়া হয়নি। এ সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস ঘটনাও আগের তুলনায় অনেক কমে এসেছে।

সুলতান মোঃ মনসুর বলেন, যারা শিক্ষার পরিবেশ পরিষদের নীতিমালা মানবে তাদের নিয়ে আমরা বৃহত্তম ছাত্র ঐক্য গড়ে তুলতে চাই। এ ব্যাপারে তিনি ছাত্রসংগ্রাম পরিষদের সহযোগিতা কামনা করেন।

ডাকসুর সাধারণ সম্পাদক মুশতাক হোসেন অবিলম্বে ২৮ দফা দাবী মেনে নেয়ার আহবান জানিয়ে বলেন এসব দাবী নিয়ে টালবাহানা চলবে না।

সমাবেশ শেষে একটি মিছিল প্রশাসনিক ভবনে গিয়ে ভাইস চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নানের কাছে ২৮ দফা দাবী সংবলিত একটি স্মারকলিপি পেশ করে।

ভাইস চ্যান্সেলর ২৮ দফা দাবী মেনে নেয়ার আশ্বাস দিয়ে বলেন, কিছু কিছু দাবী বাস্তবায়নের ব্যাপারে ইতিমধ্যেই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, ১৯৯১ সালের মধ্যেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের সেশনজট নিরসন করা সম্ভব হবে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের কাছে তিন কোটি টাকার একটি প্রকল্প পেশ করা হয়েছে।

ছাত্রী মিছিলে হামলাকারীদের শাস্তির দাবী সম্পর্কে প্রফেসর মান্নান বলেন, আগামী এক সপ্তাহের মধ্যে এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় শৃংখলা পরিষদের সভা ডেকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।